২০০১
ভোরের কাগজ
তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ...৭... কলাম ...৮...

# সরকারি হোমিওপ্যাথিক কলেজে ভর্তির খবর

২০০০-২০০১ সালের শিক্ষাবর্ষে সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। জেনে নিন বিস্তারিত তথ্য।

অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে পদার্থ, রসায়ন, জীববিদ্যাসহ তৃতীয় বিভাগ ব্যতীত ১২০০ নম্বর পেতে হবে। উপজাতির ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১১০০ নম্বর পেতে হবে।

যারা ১৯৯৭ সালের পূর্বে এসএসসি এবং ১৯৯৯ সালের পূর্বে এইচএসসি পাস করেছেন তারা আবেদনের বিবেচ্য হবেন না।

বিদেশী প্রার্থীদের ক্ষেত্রে : বিদেশী প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে অনুমতি নিতে হবে।

আসন সংখ্যা : সর্বমোট আসনসংখ্যা ৫০টি। এর মধ্যে ১টি উপজাতিদের এবং ১টি বিদেশীদের জন্য। ৪৮টি আসনে প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভর্তি করা হয়।

ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর ২০০। এদের মধ্যে লিখিত পরীক্ষা পদার্থ- ৩০, রসায়ন-৩০, জীববিদ্যা-৩০ এবং ইংরেজিতে ১০, মোট ১০০ নম্বর।

এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪%=৪০ ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬% = ৬০ মোট ১০০।

পরীক্ষার সময় ও আবেদনপত্র সংগ্রহ : লিখিত পরীক্ষার সময় ১ ঘণ্টা। ৫০ টাকা জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং যাবতীয় সনদপত্রের সত্যায়িত কপি ও সেন্টার ফি এবং অনুষঙ্গিক মোট ৩০০ টাকা অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট পরিচালক সেন্টার ফর মেডিকেল এডুকেশন বরাবরে জমা দিতে হবে।

আবেদনপত্রের সঙ্গে আর যা দিতে হবে

এসএসসি ও এইচএসসি পরীক্ষার মার্কশিটের সত্যায়িত ফটোকপি। প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/ ইউনিয়ন কাউন্সিল/ পৌরসভার চেয়ারম্যানের নিকট নাগরিকত্ব ও চরিত্রগত সনদ। সম্প্রতি তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি। উপজাতিদের ক্ষেত্রে ডেপুটি কমিশনার ও গোত্র প্রধানের সনদ। ভর্তি পরীক্ষার পূর্বে সকল সনদপত্রের মূলকপি কলেজে জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮ মার্চ ২০০১।

প্রবেশপত্র সংগ্রহ ও পরীক্ষার সময়

প্রবেশপত্র অধ্যক্ষের কার্যালয় হতে ২১ থেকে ২২ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৩ মার্চ। ২০০১ সকাল ১০টা থেকে ১১টায় কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

❑ মহসীন উদ্দিন বাচ্চু